# সাধারণতন্ত্র দিবস ২০১৭-এর প্রধান অতিথি হিসাবে আবু ধাবির যুবরাজের ভারতে রাষ্ট্রীয় সফর (জানুয়ারি ২৪-২৬, ২০১৭)

১) রাজাধিরাজ শেখ মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ান, আবু ধাবির যুবরাজ এবং সংযুক্ত আবর আমীরশাহীর সশস্ত্র সেনাবাহিনীর উপ-সর্বাধিনায়ক ২০১৭-এর সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে ভারত সফর করবেন ২৪-২৫ জানুয়ারি, ২০১৭। তাঁর সফরসঙ্গী হবেন একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল, যাতে থাকবেন মন্ত্রীরা, ঊধ্বর্তন কর্মকর্তারা, শিল্পপতিরা।

২) সফরকালে সফরতর বিশিষ্টরা সাক্ষাৎ করবেন রাষ্ট্রপতিজি শ্রী প্রণব মুখোপাধ্যায় এবং উপ রাষ্ট্রপতি শ্রী মহম্মদ হামিদ আনসারির সঙ্গে এবং প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির সঙ্গে পারস্পরিক স্বার্থজনিত দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বিশ্বজনিন বিষয় নিয়ে আলোচনা করবেন।

৩) ফেব্রুয়ারি ২০১৬ এর পর এটা আবু ধাবির যুবরাজের দ্বিতীয় ভারত সফর। ২০১৫ সালের আগস্টে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির সংযুক্ত আবর আমীরশাহী সফরের অনুসরণে, দুই দেশ সম্মত হয়েছে তাদের মধ্যেকার পারস্পরিক সহযোগিতার সম্পর্ককে ব্যাপক স্ট্যাটেজিক পার্টনারশিপে উন্নীত  করার ব্যাপারে।

৪) ভারত এবং সংযুক্ত আরব আমীরশাহীর মধ্যে সাংস্কৃতিক, ধর্মীয় এবং অর্থনৈতিক যোগাযোগের দিক থেকে উষ্ণ, ঘনিষ্ঠ এবং বহুমুখী সম্পর্ক বিদ্যমান। ২০১৫-১৬ সালে প্রায় ৫০ বিলিয়ন মার্কিন ডলারের অতি-ভারসাম্যপূর্ণ দ্বিপাক্ষিক বাণিজ্যের মধ্য দিয়ে দুই দেশ একে অপরের অন্যতম শীর্ষ বাণিজ্যিক অংশীদার। সংযুক্ত আরব আমীরশাহী ভারতে সরাসরি বিদেশী বিনিয়োগের মধ্যে শীর্ষ বিনিয়োগকারী। এটি ভারতের জ্বালানি নিরাপত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে এবং ২০১৫-১৬ সালে ভারতে পঞ্চম বৃহত্তম অপরিশোধিত তেল সরবরাহকারী।

৫) প্রায় ২.৬ মিলিয়ন শক্তিশালী এবং স্পন্দনশীল ভারতীয় সম্প্রদায় সংযুক্ত আরব আমীরশাহীতে তৈরি করেছে বৃহত্তম প্রবাসী গ্রুপ। অতিথি দেশে তাদের ইতিবাচক এবং অত্যন্ত অভিনন্দনযোগ্য অবদান আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ সঞ্চালক।

**নয়াদিল্লি**

**জানুয়ারি ১৯, ২০১৭**